গাংনীতে দিন ব্যাপি রোভিং সেমিনার

গাংনীতে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় দিন ব্যাপী রোভিং সেমিনার অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার (১ জুন) সকাল ১০ টার সময় গাংনী উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথী ছিলেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক (অতিঃ) সামছুল আলম।
গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুনের সভাপতিত্বে বিশেষ অতিথী ছিলেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (শস্য) কামরুজ্জামান, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য’র প্রতিনিধি মনিরুজ্জামান আতু।
গাংনী উপজেলা কৃষি অফিসের আয়োজন এ সেমিনার অনুষ্ঠিত হয় ।

সেমিনারে সরকারী বেসরকারী অফিসের কর্মকর্তা কৃষক, রাজনৈতিক ব্যাক্তিবর্গ ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

গাংনীতে স্বাস্থ্য পরীক্ষায় হেল্থ ক্যাম্প অনুষ্ঠিত

কর্মজীবী ল্যাকটেটিং তহবিল কর্মসুচীর আওতায় গাংনী পৌরসভার নির্বাচিত উপকারভোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে স্বাস্থ্যক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার দুপুরে গাংনী উপজেলা পরিষদ মিলনায়তনে এ স্বাস্থ্যসেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়।
গাংনী উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় এ আয়োজন করে।
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নীল হাফিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায়
বক্তব্য রাখেন, গাংনী উপজেলা আবাসিক মেডিকেল অফিসার আশিকুর রহমান, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ

সাহিদুজ্জামান খোকন এমপির প্রতিনিধি মনিরুজ্জামান আতু, উপকারভোগী মা এবং স্থানীয় সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউপিতে উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল ৪ টায় ইউনিয়ন পরিষদ হলরুমে ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানার সভাপতিত্বে ২০২২-২০২৩ অর্থ বছরের ১ কোটি ৮৯ লক্ষ ৮ হাজার টাকার খসড়া বাজেট ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা জন সম্মুখে ঘোষণা করেন কাথুলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত সচিব আব্দুল মতিন।

উন্মুক্ত বাজেট সভায় এলাকার সর্বস্তরের জনসাধারণ ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটের আলোকে সংযোজন ও বিয়োজন বিষয়ে আলোচনায় অংশগ্রহন করেন। ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা। জনগণের বিভিন্ন দাবির মধ্যে গুরুত্বপূর্ণ ও জরুরী দাবিগুলোকে প্রাধান্য দিয়ে আগামী দিনের সকল উন্নয়ন কাজে সকলের সহযোগিতা কামনা করেছেন এবং সকলে মিলে একটি মডেল ইউনিয়ন গড়ার প্রত্যয় হয়েছেন।

উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের সকল ইউ পি সদস্য ও সদস্যা বৃন্দ। কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, মোফাজ্জল হক,জিনারুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক শাহিন আলম,ও এলাকার সর্ব স্তরের জনগন।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

উন্নয়নের ছোঁয়া লেগেছে গ্রামীণ সড়কগুলোতে

গাংনী উপজেলায় অতি দরিদ্রদের জন্য সরকারের কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) প্রকল্পে উন্নয়নের ছোঁয়া লেগেছে গ্রামীণ সড়কগুলোতে। এতে হতদরিদ্র অসহায় নারী পুরুষদের বেকারদের জন্য সৃষ্টি হয়েছে কর্মসংস্থান, আর প্রাণ ফিরে পাচ্ছে অবহেলিত রাস্তাগুলো।

গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন সূত্র জানায়, ধানখোলা ইউনিয়নের জালশুকা কবরস্থান থেকে ভায়া তেঁতুলবাড়িয়া রাস্তা ভায়া দলেপাড়া মাসুদের বাড়ি হতে একরামুলের বাড়ি পর্যন্ত ৩ কিলোমিটার কাঁচা মাটির সড়কটি র্দীঘদিন যাবত সংস্কার না হওয়ায় চলাচলে চরম দুর্ভোগ পোহাচ্ছিলেন এলাকাবাসী। সম্প্রতি সেটি সংস্কারে ইজিপিপি প্রকল্পে বরাদ্ধের অনুমোদন দেয় উপজেলা প্রশাসন। এরপর ৮৫ জন শ্রমিক দৈনিক চারশ টাকা মজুরিতে মাটি কেটে সড়কটি সংস্কারের কাজ শুরু করেন। এতে উন্নয়নের ছোঁয়ায় বদলে গেছে গ্রামীণ এই সড়কের চিত্রটি। জালশুকা গ্রামের কৃষক রজব আলী, ক্ষুদ্র ব্যবসায়ী হারান মন্ডল ও শুকচাদ আলী বলেন, এলাকার মানুষের জন্য

এই রাস্তাটি গুরুত্বপূর্ণ। বিশেষ করে মাঠের কৃষকরা তাদের ফসল ঘরে তুলে আনেন এই রাস্তা দিয়েই। দীর্ঘদিন অবহেলিত ছিল। রাস্তাটিতে মাটি ফেলার জন্য এখন চলাচলের উপযোগী হয়েছে।

গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (পিআইও) নিরাঞ্জন চক্রবর্তি জানান, গাংনী উপজেলার ৯টি ইউনিয়নে (ইজিপিপি) প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে গ্রামীণ সড়কগুলো মেরামত করে প্রসস্তের কাজ শুরু হয়েছে ৪৫ টিরও বেশি প্রকল্পে। এতে কর্মহীন ২ হাজার ৬৩১ জন শ্রমিকের কর্মসংস্থান হয়েছে।প্রতিদিন একজন শ্রমিক ৩৫ ঘনফুট করে মাটি কেটে থাকেন। তিনি বলেছেন, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য প্রকল্প অফিস থেকে প্রতিদিন তদারকি করা হয়ে থাকে। এছাড়াও বিভিন্ন ইউনিয়নের জন্য একজন করে ট্যাগ অফিসার দেখভাল করেন।

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের

[redacted]

[redacted]

[redacted] (**-**-****) [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অভিভাবক সমাবেশে। অনুষ্ঠানে দি হাঙ্গার প্রজেক্টের মটমুড়া ইউনিয়ন সমন্বয়কারী সাধন কুমার।

গাংনীতে চুরির মামলার আসামী র্যাবের হাতে গ্রেফতার

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্পের সদস্যরা অভিযান চালিয়ে চুরির মামলার পলাতক আসামী একরামুল হককে (৩০) গ্রেফতার করেছে।

একরামুল হক গাংনী উপজেলার ষোলটাকা গ্রামের মৃত উষনাই খাঁ’র ছেলে।

র্যাব-৬ গাংনী ক্যাম্পের ইনচার্জ এএসপি তারেক আল বান্নার নেতৃত্বে র্যাবের একটি টীম গতকাল রবিবার (২৯ মে) দিবাগত রাত সাড়ে ১১ টার সময় গোপন সংবাদের ভিত্ত্বিতে বামন্দী বাজারে অভিযান চালিয়ে একরামুল হককে গ্রেফতার করেন।তার বিরুদ্ধে চুরির অভিযোগে গাংনী থানায় একটি মামলা রয়েছে।মামলা নং নং-১৫ তারিখ: ২৭/০৫/২০২২ এর ধারা ৩৮০/৪৫৭/৪১১ পেনাল কোড।

গ্রেফতারকৃত আসামী একরামুলকে আজ সোমবার সকালের দিকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে প্রবাসীর স্ত্রীর মৃত্যু

টয়লেট পরিষ্কার করতে গিয়ে বিদ্যুতায়িত হয়ে সারমিন আক্তার (৩৮) নামের এক গৃহবধুর মৃত্যু হয়েছে।

আজ রোববার (২৯ মে) বিকেলে নিজ বাড়িতে এ ঘটনা ঘটে। শারমিন আক্তার গাংনী উপজেলার বড় বামন্দী গ্রামের প্রবাসী আরেজুল হকের স্ত্রী।

স্থানীয় সূত্রে জানা গেছে, শারমিন আক্তার বিকেলে বাড়ির টয়লেট পরিষ্কার করছিলেন। এ সময় বৈদ্যুতিক মোটরের লাইনে বিদ্যুতায়িত হয়ে তিনি পড়ে ছিলেন। পরে আশেপাশের লোকজন তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। মরদেহ নিজ বাড়িতে ফিরিয়ে নেয় পরিবারের লোকজন।

শারমিন আক্তার দুই ছেলে মেয়ের জননী। স্বামী ও ছেলে প্রবাসে। একমাত্র মেয়েকে নিয়ে তিনি বাড়িতে বসবাস করতেন।

গাংনীর গোপালনগর গ্রামের এসআই রাশেদ পুকুরে ডুবে নিহত

কলারোয়া থানা চত্ত¡রের পুকুরে গোসল করতে গিয়ে হার্ট অ্যাটাক করে মারা গেছেন গাংনী উপজেলার গোপলনগর গ্রামের ছেলে উপপরিদর্শক (এসআই) আরিফুর রহমান ওরফে রাশেদ।
এসআই রাশেদ গাংনী উপজেলার গোপালনগর গ্রামের লোকমান হোসেনের ছেলে।
আজ রবিবার (২৯ মে) সকাল সাড়ে ৯টার সময় সাতক্ষীরা জেলার কলারোয়া থানা চত্বরের পুকুরের পানিতে ডুবে মারা যান তিনি।
রাশেদের বন্ধু গোপালনগর গ্রামের নুরুল ইসলাম জানান, রবিবার সকালের দিকে আরিফ হোসেন কলারোয়া থানা চত্বরের একটি পুকুরে গোসুল করতে যান। গোসল করার এক পর্যায়ে সে পানির মধ্যেই তার হার্ট অ্যাটাক হয়।
এসময় সহকর্মীরা তাকে উদ্ধার করে কলারোয়া হাসপাতালে নিলে, কর্তব্যরত ডাক্তার মৃত ঘোষণা করেন। কলারোয়া থানার ওসি নাছির উদ্দীন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।
পারিবারিক সূত্র জানান, এর আগে রাশেদ কুষ্টিয়া সদর থানা ও কুষ্টিয়া জেলা গোয়েন্দা পুলিশে দীর্ঘদিন যাবৎ কর্মরত ছিলেন। চার

মাস পূর্বে কুষ্টিয়া থেকে সাতক্ষীরার কলারোয়া থানায় বদলি হন তিনি। এসআই রাশেদ তিন সন্তানের জনক ছিলেন।

মেহেরপুর পুলিশের অভিযানে ৯ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের অভিযানে বিভিন্ন মামলায় ৯ জন জন আসামী গ্রেফতার হয়েছে।
গ্রেফতারকৃতদের মধ্যে রয়েছে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ জন, সিআর মামলায় ৩ জন ও নিয়মিত মামলায় ৫ জন আসামী রয়েছে। এসব আসামীদের মধ্যে গাংনী থানা পুলিশ ৪ জনকে, সদর থানা পুলিশ ২ জনকে ও মুজিবনগর থানা পুলিশ ৩ জনকে গ্রেফতার করেছেন।
শনিবার দিবাগত রাতে এই তিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নেতৃত্বে পুলিশের একাধিক টীম অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতারকৃতদের আজ রবিবার (২৯ মে) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।